গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
প্রশাসন শাখা

## সেতু বিভাগের অক্টোবর,২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু বকর ছিদ্দীক<br>সচিব |
| সভার তারিখ | ২৫ অক্টোবর ২০২১ খ্রিঃ |
| সভার সময় | ১২-০০ ঘটিকা |
| স্থান | সেতু বিভাগের সম্মেলন কক্ষে |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী গত ২০/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর,২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় এটি সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।

০২। পরবর্তীতে সভাপতির নির্দেশনার আলোকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমুহ গৃহীত হয়।

| **আলোচ্য বিষয়** | **আলোচনা** | **সিদ্ধান্তসমুহ ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|
| **(১) সেতু বিভাগের থিম শ্লোগান** | সেতু বিভাগের জন্য থিম শ্লোগান আহবান করা হলে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মোট ২৬ কর্মকর্তা ও কর্মচারী ৭৬ টি থিম দাখিল করেছেন। প্রাপ্ত থিম শ্লোগানগুলো সভায় উপস্থাপন করা হয়। | সেতু বিভাগের মিশন ভিশন তথা সার্বিক পরিকল্পনা ও অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ যথোপযুক্ত একটি থিম নির্বাচন করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (প্রশাসন) সেতু বিভাগ |
| **(২) আইন সংকলন** | সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আইন সংকলনের কাজটি শেষ পর্যায়ে রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটি একটি সভা করেছেন মর্মে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন। | প্রেসের যাবতীয় কাজ শেষ করে আইন সংকলনের চূড়ান্ত কপি প্রকাশের ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করা হল।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (বাজেট), সেতু বিভাগ |
| **(৩) সাবওয়ে কোম্পানী** | সাবওয়ে নির্মাণের মাস্টার প্ল্যান প্রণয়নের কাজটি সমাপ্তির পর্যায়ে রয়েছে। সাবওয়ে নির্মানের লক্ষ্যে পৃথক সাবওয়ে কোম্পানী গঠন করা প্রয়োজন। | সাবওয়ে কোম্পানী আইন প্রণয়ণের উদ্যোগ নিতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (বাজেট), বিবিএ |
| **(৪) বার্ষিক প্রতিবেদন** | ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। খসড়া কপি ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কমিটি সভাকে অবহিত করেন। | বার্ষিক প্রতিবেদনের চূড়ান্ত কপি দ্রুত প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>যুগ্মসচিব (প্রশাসন) সেতু বিভাগ |
| **(৫) টোল হার নির্ধারণ** | বঙ্গবন্ধু সেতু ও মুক্তারপুর সেতুর টোল হার পূন:নির্ধারণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। টোল হার পূন:নির্ধারণ করা হলে নতুন হারে টোল কালেকশন শুরু হবে। | টোল হার পূন:নির্ধারণের কাযর্ক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (উন্নয়ন) সেতু বিভাগ |

| | | |
|---|---|---|
| **(৬) বিবিএ আইন সংশোধন** | বিবিএ আইন সংস্কারের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | এ বিষয়ে আইন উপদেষ্টাকে নিয়ে সভা করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>পরিচালক (প্রশাসন) বিবিএ |
| **(৭) বঙ্গাবন্ধু সেতু এলাকায় ভুমি ও স্থাপনাদি ব্যবস্থাপনা** | বিবিএ হতে সভাকে অবহিত করা হয় যে, বঙ্গাবন্ধু সেতু এলাকায় ভুমি ও স্থাপনাদির লাভজনক ব্যবহারের কর্মপরিকল্পনা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | উক্ত কর্মপরিকল্পনা দ্রুত চূড়ান্ত করে বাস্তবায়ন করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>পরিচালক (প্রশাসন) বিবিএ |
| **(৮) ফ্ল্যাট বরাদ্দ** | পূর্নবাসন ভিলেজে ফ্ল্যাট বরাদ্দ দেয়ার লক্ষ্যে নীতিমালা প্রস্তুত করা হয়েছে। এছাড়া ফ্ল্যাটের মূল্য নির্ধারণ সংক্রান্ত কমিটি প্রতিবেদন দাখিল করেছেন। | উক্ত নীতিমালা চূড়ান্ত করে দ্রুত ফ্ল্যাট বরাদ্দ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>পরিচালক (প্রশাসন) বিবিএ |
| **(৯) পদ্মা সেতুতে টেলিকমিউনিকেশন ডাক্ট স্থাপন নীতিমালা প্রণয়ন** | পদ্মা সেতুতে টেলিকমিউনিকেশন ডাক্ট স্থাপন নীতিমালা দ্রুত প্রণয়ন করা প্রয়োজন। | উক্ত নীতিমালা প্রস্তুতের জন্য দ্রুত ব্যবস্থা নিতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>পরিচালক(প্রশাসন) বিবিএ |
| **(১০)মিঠামইন-করিমগন্জ উড়াল সড়ক নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন** | মিঠামইন-করিমগন্জ উড়াল সড়ক নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত ডিপিপি প্রনয়ন করা প্রয়োজন। | মিঠামইন-করিমগন্জ উড়াল সড়ক নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত ডিপিপি প্রনয়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হল।<br>**বাস্তবায়নকারীঃ**<br>পরিচালক(পিএন্ডডি) বিবিএ |
| **(১১) বঙ্গাবন্ধু সেতুর Pot Bearing এর ত্রুটি সংশোধনের জন্য পদক্ষেপ** | বঙ্গাবন্ধু সেতুর Pot Bearing গুলো পরিবর্তনের জন্য ইতালিস্থ বাংলাদেশ Embassy এর মাধ্যমে FIP Industrial এর সাথে দ্রুত পত্র যোগাযোগ করা দরকার। | : বঙ্গাবন্ধু সেতুর Pot Bearing গুলো পরিবর্তনের জন্য ইতালিস্থ বাংলাদেশ Embassy এর মাধ্যমে FIP Industrial এর সাথে পত্র যোগাযোগ করতে হবে। পাশাপাশি Maintenance Manual অনুসরনে Pot Bearing এর স্পেসিফিকেশন ও প্রাক্কলন প্রস্তুত করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>প্রধান প্রকৌশলী, বিবিএ |
| **১২। টোল আদায় সফটওয়ার প্রস্তুতকরণ:** | বঙ্গাবন্ধু ও মুক্তারপুর সেতুতে টোল আদায়ের লক্ষ্যে নিজস্ব সফটওয়ার প্রস্তুতের কার্যক্রম বেগবান করা প্রয়োজন। | বঙ্গাবন্ধু ও মুক্তারপুর সেতুতে টোল আদায়ের লক্ষ্যে নিজস্ব সফটওয়ার প্রস্তুতের জন্য প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।<br><br>**বাস্তবায়নকারীঃ**<br>প্রধান প্রকৌশলী, বিবিএ |
| **(১৩) ও এ্যান্ড এম ম্যানুয়াল প্রণযন:** | পদ্মা সেতু ও কর্ণফুলী টানেলের নির্মান কাজ আগামী বছরে শেষ হবে। পদ্মা সেতু এবং কর্ণফুলী টানেল নির্মাণ শেষে সুষ্ঠভাবে অপারেশন এবং মেইটেইনেন্স কাজের জন্য ও এ্যান্ড এম ম্যানুয়াল প্রণয়ন করা প্রয়োজন। | পদ্মা সেতু এবং কর্ণফুলী টানেল নির্মাণ শেষে সুষ্ঠভাবে অপারেশন এবং মেইটেইনেন্স কাজের জন্য ও এ্যান্ড এম ম্যানুয়াল প্রস্তুতের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের অনুরোধ করা হল।<br><br>**বাস্তবায়নকারীঃ**<br>প্রধান প্রকৌশলী, বিবিএ |

| | | |
|---|---|---|
| **(১৪) জনবল** | **সেতু বিভাগ**<br>অনুমোদিত পদ \| কর্মরত \| শূণ্যপদ<br>৫২টি \| ২৪ জন \| ২৯টি<br>সেতু বিভাগের সাংগঠনিক কাঠামোভুক্ত কম্পিউটার অপারেটর এর ০৫টি, ক্যাশ সরকার এর ০১টি এবং অফিস সহায়ক এর ০৫টি শূন্য পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা শেষে উত্তীর্ণদের নিয়োগ পত্র প্রেরণ করা হবে।<br>বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিভিন্ন পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। | ১) নিয়োগের পরবর্তী কার্যাদি দুত সম্পন্ন করে পদায়ন করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (প্রশাসন) সেতু বিভাগ |
| **(১৫) বিভাগীয় মামলা** | সেতু বিভাগে বর্তমানে কোন বিভাগীয় মামলা নেই। | বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ |
| **(১৬) কর্মচারীদের প্রশিক্ষণ** | ২০২১-২২ অর্থবছরের জন্য প্রশিক্ষণ বর্ষপুঞ্জি প্রস্তুত কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং কর্মকর্তা ও কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | ২০২১-২২ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের মান সম্পন্ন প্রশিক্ষন যথা সময়ে সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (প্রশাসন) |
| **(১৭) ক্রয় সংক্রান্ত** | ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (রাজস্ব ও উন্নয়ন) চুড়ান্তকরণপূর্বক ওয়েবসাইডে আপলোড করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম চলমান আছে। | যথাযথ বিবি-বিধান অনুসরণপূর্বক ক্রয় কার্যাদি সম্পাদন করতে হবে।<br>বাস্তবায়নকারীঃ<br>যুগ্মসচিব (উন্নয়ন)এবং উপসচিব (প্রশাসন) |
| **(১৮) অডিট** | সেতু বিভাগের কোনো অডিট আপত্তি নেই। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের অডিট পরিবহন অডিট অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়েছে। | সেতু বিভাগের ২০২০-২১ অর্থবছরের অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>উপসচিব (বাজেট) |
| **(১৯) সেতু বিভাগের জন্য অফিস স্পেস** | সেতু ভবনের দশম তলায় কম্পিউটার ল্যাবের সামনের ফাঁকা অংশ এবং অষ্টম তলায় সেতু বিভাগের জন্য অফিস স্থাপনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | সেতু বিভাগের অফিস স্পেস এর বিষয় আলাদা একটি সভা করতে হবে।<br>**বাস্তবায়নকারীঃ**<br>**উপসচিব (প্রশাসন)** |

৩) পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় এই কোভিড পরিস্থিতিতে সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু বকর ছিদ্দীক
সচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.০৬.০০১.২০.৫৩৫

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৮
১৯ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

২) পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৩) যুগ্ম-সচিব, প্রশাসন অনুবিভাগ , সেতু বিভাগ

৪) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ

৫) পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৬) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ

৭) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৮) উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ


৯) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ

১০) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ

১১) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ

১২) সহকারী সচিব, প্রশাসন শাখা, সেতু বিভাগ

১৩) প্রোগ্রামার, প্রশাসন শাখা, সেতু বিভাগ



খান শাহানুর আলম

সহকারী সচিব